

ঢাকা, ০৪ ফেব্রুয়ারি ২০২০

সমমর্মিতা ও মানবিকতা বোধ সম্পন্ন মানব সম্পদ তৈরী করতে কারিকুলাম পরিবর্তন করা হচ্ছে-

এমপি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন আমরা আমাদের শিক্ষার্থীদের মধ্যে অন্যকে পরাজিত করে একধরনের আনন্দ পাওয়ার মনোভাব শিখাচ্ছি। জিপিএ ৫ পাওয়া এবং এক ধরনের অনভিপ্রেত প্রতিযোগিতার মাধ্যমে শিশুরা গড়ে উঠছে যা কোনভাবেই কাম্য নয়। শিক্ষার্থীদেরকে এ ধরনের অসুস্থ প্রতিযোগিতা থেকে বের করে আনতে মূল্যায়ন পদ্ধতি ও কারিকুলাম পরিবর্তন করা হচ্ছে।

পরিবর্তিত কারিকুলামের মাধ্যমে শিক্ষার্থীরা সব কিছুর পরও ভাল মানুষ হয়ে উঠবে। তবে কারিকুলাম যতই ভাল হোক না কেন শিক্ষকের মান ঠিক না থাকলে এর উদ্যেশ্য বাস্তবায়ন হবে না। শিক্ষকতা পেশাকে আরও আকর্ষণীয় করা হবে। শিক্ষকতা পেশা হতে হবে জীবনের রত।

শিক্ষকদের মান বৃদ্ধি করতে শিক্ষকদের প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা হবে। পরীক্ষারভারে শিক্ষার্থী যেন ভারাক্রান্ত না হয় সে দিকে সকলকে খেয়াল রাখতে হবে।

তিনি আজ বিকালে রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে ন্যাশনাল ওয়ার্কশপ অন লার্নিং ফর ইমপ্যাথি বিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মুনশী শাহাবুদ্দিন আহমেদ, এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ মাহবুব হোসেন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ গোলাম ফারুক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মোঃ সানোয়ার হোসেন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের অতিরিক্ত সচিব ডাক্তার মোঃ ফারুক হোসেন প্রমুখ।

সমমর্মিতা একটি জীবন সংশ্লিষ্ট বিষয়। সব কিছু অন্যের দৃষ্টিতে দেখা এবং অন্যের মত করে শূনা ও অনুধাবন করা হল সমমর্মিতা। তিনি বলেন সারা বিশ্বে প্রতি আট দিনে সামরিক খাতে যে অর্থ ব্যয় হয় তা দিয়ে শিক্ষার বাহিরে যে সমস্ত শিশু আছে তাদের শিক্ষিত করা সম্ভব। মানুষের জীবন যাপনে ভাষার প্রভাব সম্পর্কে তিনি বলেন ভাষা মানুষের জীবনকে ভীষণ ভাবে প্রভাবিত করে। আমাদের ভাষায় আমি শব্দের ব্যবহার বেড়ে গেছে আমরা শব্দটির ব্যবহার কমে গেছে। তাতে বুঝা যায় যে আমাদের মাঝে সমমর্মিতা কমে গেছে। সমাজের যে অসংগতি আছে তা সমমর্মিতা দ্বারা দূর করা সম্ভব। এখন আমরা এ বিশ্বকে ধ্বংস করে মজাল গ্রহে যাচ্ছি।

মোহাম্মদ আবুল খায়ের
জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮